গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খালিশপুর, খুলনা
ই-মেইলঃ cevtappeal_kln@yahoo.com

নথি নং-এস/০১/সংস্থা/সিইভিটি(আপীল)/খুলনা/২০১৩-১৪/৫১৪ তারিখঃ ৩১/০৭/২০১৭খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে সরাসরি ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-৩ (শুল্ক), অর্থ মন্ত্রণালয়, ঢাকার পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০১৬.১০.১২৬, তারিখঃ ১৪/০২/২০১৭খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা এর নিম্নলিখিত শূন্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তাধীনে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ১১,২০০-২৬,৫৯০/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ইংরেজি ও বাংলায় শর্টহ্যান্ড প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ৮০ ও ৫০ শব্দ। কম্পিউটার টাইপে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ হতে হবে।	খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর।
২.	উচ্চমান সহকারী ১০,২০০-২৪,৬৮০/-	০২ (দুই)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।	ঐ
৩.	ক্যাশিয়ার ১০,২০০-২৪,৬৮০/-	০১ (এক)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।	ঐ
৪.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। তৎসহ কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হতে হবেঃ ক) বাংলায়ঃ প্রতি মিনিটে ২০ শব্দ; খ) ইংরেজিঃ প্রতি মিনিটে ২০ শব্দ।	ঐ
৫.	রেকর্ড কিপার ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঐ
৬.	ড্রাইভার ৯,৩০০-২২,৪৯০/-	০৩ (তিন)টি	ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ; খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের হালকা/ভারী গাড়ি চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	ঐ
৭.	সিপাই ৯,০০০-২১,৮০০/-	০২ (দুই)টি	ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) শারীরিক যোগ্যতাঃ মহিলা ৫'-২'' পুরুষ ৫'-৪'' বুকের মাপ- ৩০''-৩২'' (উভয় ক্ষেত্রে)।	ঐ
৮.	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/-	০৩ (তিন)টি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঐ
৯.	নোটিশ সার্ভার ৮,২৫০-২০,০১০/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঐ
১০.	নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঐ

আবেদন ফরমঃ

যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নিম্নবর্ণিত ফরমেট/ছক অনুযায়ী স্বহস্তে লিখিত আবেদনপত্র কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট খুলনা, খালিশপুর, খুলনা বরাবর প্রেরণ করতে হবে।

"চাকুরীর আবেদন ফরম"

বরাবর,
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা
খালিশপুর, খুলনা

(সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ ০৪ (চার) কপি সত্যায়িত ছবি)

১.	পদের নামঃ											
২.	বিজ্ঞপ্তি নম্বর ঃ		তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র	
৩.	প্রার্থীর নামঃ	বাংলায়ঃ										
		ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ										
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বরঃ											(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বরঃ											
৫.	জন্ম তারিখঃ		৬. জন্মস্থান (জেলা) ঃ									
৭.	০১-০৮-২০১৭খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সঃ	বছর	মাস	দিন								
৮.	মাতার নামঃ											
৯.	পিতার নামঃ											

১০.	ঠিকানাঃ	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ		
	গ্রাম/পাড়া/মহল্লাঃ		
	ইউনিয়ন/ওয়ার্ডঃ		
	ডাকঘরঃ		
	পোস্টকোড নম্বরঃ		
	উপজেলাঃ		
	জেলাঃ		

১১.	যোগাযোগঃ	মোবাইল/টেলিফোন নম্বর		ই-মেইল (যদি থাকে)
১২.	জাতীয়তাঃ		১৩.	লিঙ্গঃ
১৪.	ধর্মঃ		১৫.	পেশাঃ

১৬.	শিক্ষাগত যোগ্যতা					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ			
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ			
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)ঃ
২০.	ট্রেজারী চালান নম্বরঃ	তারিখঃ দি ন মা স ব ৎ স র		
	ব্যাংক ও শাখার নামঃ			
২১	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র	প্রার্থীর স্বাক্ষর

আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

১. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ

(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;

(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (চারিত্রিক সনদের সত্যায়িত কপি গ্রহণযোগ্য নয়);

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি;

(ঙ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(চ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(ছ) ক্রমিক নং-৬ এ বর্ণিত ড্রাইভার পদের জন্য ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত স্পষ্ট ফটোকপি;

(জ) মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি (চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই করা হবে);

(ঝ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে "প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা" এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি;

(ঞ) এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি:

(ট) আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম, বর্তমান ঠিকানা উল্লেখ করে ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট আলাদা একটি ফেরত খাম প্রেরণ করতে হবে;

(ঠ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা-এর অনুকূলে ১/১১৩৫/০০২৫/২০৩১ কোড নম্বরে ক্রমিক নং ১ হতে ৭ পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা এবং ক্রমিক নং-৮ হতে ১০-এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর মাধ্যমে সরকারি কোষাগারে জমাকৃত চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

২. দেশের সকল জেলার প্রতিবন্ধী ও এতিম আবেদন করতে পারবেন।

৩. প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র রেজিস্টার্ড/সরকারি ডাকযোগে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, খুলনা, খালিশপুর, খুলনা বরাবরে আগামী ৩১.০৮.২০১৭খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।

৫. সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬. ০১-০৮-২০১৭খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭. সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধাদের সন্তান, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

৮. দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।

৯. অসম্পূর্ণ আবেদনপত্র বা আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য বা কোনরূপ ত্রুটি বিচ্যুতি পাওয়া গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. আবেদনের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা) স্বাক্ষরের নীচে তারিখ, নামসহ সীল না থাকলে কিংবা সীলটি অস্পষ্ট হওয়ার কারণে কর্মকর্তার নাম, পদবী পাঠযোগ্য না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১১. দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যতা অনুযায়ী) পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে পত্র দ্বারা জানানো হবে।

১২. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৩. লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৪. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. আবেদনপত্রের উপর কোন সুপারিশ গ্রহণ বা যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

২০. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

আব্দুল মান্নান শিকদার
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, খুলনা
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি

জিডি-১৫৪৬